


যুগান্তর

সাত কলেজের বিষয়ে সিদ্ধান্ত দেবেন প্রধানমন্ত্রী

প্রকাশ : ২৪ জুলাই ২০১৯, ১৯:১৫ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



শিক্ষার্থীদের আন্দোলন। ছবি: যুগান্তর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অধিভুক্ত সাত কলেজের বিষয়ে সিদ্ধান্ত দেবেন বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বুধবার সচিবালয়ে ঈদুল আজহার প্রস্তুতি, বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়ক সংস্কার এবং সমসাময়িক ইস্যু নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

ওবায়দুল কাদের বলেন, সাত কলেজ অধিভুক্তির বিষয়ে শিক্ষার্থীদের যে

আন্দোলন, এই আন্দোলনের বিষয়ে আমরা সজাগ রয়েছি। বিষয়টি প্রধানমন্ত্রীকে আমরা জানিয়েছি। তিনি দেশে আসলে বিষয়টি বিবেচনা করবেন।

‘কিন্তু এর আগে তারা যেন রাস্তা অবরোধ করে মানুষকে কষ্ট না দেয়, জনদুর্ভোগ সৃষ্টি না করে। সেই ব্যাপারে তাদের অনুরোধ করছি, তারা যেন ক্লাস ও পরীক্ষা বর্জনের পথ থেকে বিরত থাকে।’

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, শিক্ষামন্ত্রীর স্বামী গুরুতর অসুস্থ। তারপরও তিনি দু-একদিনের মধ্যে যারা আন্দোলন করছেন, তাদের সঙ্গে বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছেন। কাজেই আলাপ-আলোচনার মাধ্যমে যে সমস্যার সমাধান করা যায়, সেখানে পথ অবরোধ করে জনগণকে দুর্ভোগে ঠেলে না দেয়ার পরামর্শ আমি তাদের দিচ্ছি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সাত কলেজ নিয়ে আন্দোলকারীদের কর্মসূচি থেকে বিরত থাকার আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী দেশে ফিরে যৌক্তিক সমাধান দেবেন।

জানা গেছে, প্রধানমন্ত্রীর আগ্রহে ২০১৭ সালে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা রাজধানীর সাতটি সরকারি কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়। এসব কলেজে ভর্তি পরীক্ষা, পাঠ্যসূচি ও পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকেই পরিচালিত হচ্ছে।

কলেজগুলো হল- ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, মিরপুর সরকারি বাংলা কলেজ ও সরকারি তিতুমীর কলেজ।

কিন্তু ওই সাত কলেজের কারণে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম ও অ্যাকাডেমিক কার্যক্রমে ধীর গতি দেখা দিয়েছে অভিযোগ তুলে গত বুধ ও বৃহস্পতিবার শাহবাগ মোড় অবরোধ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী।

তাদের কয়েক ঘণ্টার অবরোধের কারণে ওই মোড়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে গেলে ভোগান্তিতে পড়ে সাধারণ মানুষ। এরপর রবি, সোম ও মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের প্রধান ফটকে তালা দিয়ে বিক্ষোভ দেখায় তারা। ফলে ক্লাস পরীক্ষা বন্ধ থাকে।

এর আগে ১৬ জুলাই প্রতি মাসে প্রত্যেকটি বিভাগে প্রতি কলেজে দুই দিন করে মোট ১৪ দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্লাস নেয়াসহ মোট পাঁচটি দাবি--- সাড়ে তিন ঘণ্টা নিউ মার্কেট মোড় অবরোধ করে বিক্ষোভ দেখায় সাত কলেজের শিক্ষার্থীরা।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।